

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১৯, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ৩রা ভাদ্র ১৪০৯/১৮শে আগস্ট ২০০২

এস. আর. ও নং ২২৪-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস. আর. ও ১০০-আইন/২০০২, তারিখ ২৭শে মে, ২০০২ইং মোতাবেক ১৩ই জ্যৈষ্ঠ, ১৪০৯বাং দ্বারা ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ড উপজেলাধীন নিম্নতফসিল বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে : এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য ঝিনাইদহ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল : এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন : এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ড উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১০ই ভাদ্র ১৪০৯ বাংলা মোতাবেক ২৫শে আগস্ট, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল : এই মিউনিসিপ্যালিটি হরিণাকুণ্ড মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৩৭৯৩)

মূল্যঃ টাকা ১.০০

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে. এল. নং | দাগ নং |
|--------------|------------------|--------------|---------------|---------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | হরিণাকুণ্ড | বৈঠাপাড়া | ২৬ | ১-১৭৫১ |
| ২ | হরিণাকুণ্ড | হরিণাকুণ্ড | ২৮ | ১-৫২৬৩ |
| ৩ | তাহেরছদা | চটকাবাড়ীয়া | ২৯ | ১-৮২০ |
| ৪ | তাহেরছদা | পোলতাড়াংগা | ৩০ | ৬৯৬, ৭০০, ৭০১, ৭০২, ৭৮৩, ৭৮৪, ৭৮৮, ৭৮৯, ৭৯৩, ৭৯৪, ৮০৩- ৯২৩, ৯৩৪, ৯৩৫, ১৩৩১, ১৩৩৩, ১৩৩৯, ২০০১-২২৫৬, ২৭১১- ২৭৮৬ |
| ৫ | দৌলতপুর | গুড়া | ৩২ | ১-২৫৫৬ |
| ৬ | দৌলতপুর | পার্বতীপুর | ৩৩ | ১-১২৭৫, ১৪০১-১৫২২, ২৩৩০- ২৩৭৮, ২৮০২-৩৩৯৮, ৩৮৪০- ৪০৬৩, ৪২০২-৪২১৮, ৪৩১৪- ৪৩৮২ |

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার

উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুলজামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।